সংবাদ

তারিখ ... 9 FEB 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭

# জাবিতে ১ বছর ধরে নিয়োগ স্থগিত: ব্যাহত কার্যক্রম

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষকসহ সব ধরনের নিয়োগের ওপর শিক্ষা মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞার কারণে ১ বছর ধরে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

গত বছরের ১৮ ফেব্রুয়ারি অনির্দিষ্ট সময়ের জন্য শিক্ষা মন্ত্রণালয় নিষেধাজ্ঞা আরোপ করে। লোক প্রশাসন, অণুজীব বিজ্ঞান, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে শিক্ষক সঙ্কট চরম আকার ধারণ করেছে। লোকপ্রশাসন বিভাগে ২টি ব্যাচে প্রায় দেড়শ' শিক্ষার্থীর জন্য মাত্র ৩ জন শিক্ষক রয়েছেন। অণুজীব বিজ্ঞান বিভাগে ও ২টি ব্যাচের জন্য ৪ জন শিক্ষক রয়েছেন। এদের মধ্যে একজন ছুটিতে রয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুরোধের পরিপ্রেক্ষিতে মাসখানেক আগে শিক্ষা মন্ত্রণালয় ওই দুটো বিভাগে শিক্ষক নিয়োগের অনুমতি দেয়। পরে কর্তৃপক্ষ অণুজীব বিজ্ঞান বিভাগে পার্টটাইম শিক্ষক নিয়োগ করে। একই সঙ্গে শূন্যপদের বিপরীতে দুটি বিভাগে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শুরু করে। কিন্তু গত ১৪ জানুয়ারি নতুন আরোপিত নিষেধাজ্ঞার কারণে আবার নিয়োগ প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। পরে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা ভিসিকে অবরুদ্ধ করে কিছু দাবি আদায় করতে সক্ষম হয়।

এছাড়া আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ প্রায় ১১ বছর আগে প্রতিষ্ঠা হলেও এখনও শিক্ষক স্বল্পতা রয়েছে। বিভাগের অনার্সে ২৮ এবং মাস্টার্সে ৫টি কোর্স থাকলেও শিক্ষক রয়েছেন মাত্র ৭ জন। এর মধ্যে একজন ছুটিতে আছেন। গত জুলাই মাসে ৪টি প্রভাষক পদের জন্য প্রশাসনে বারবার তাগিদ দিলেও কোন সুরাহা হয়নি। এ বিষয়ে লোকপ্রশাসন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল কাশেম মজুমদার জানান, বিশ্ববিদ্যালয়ে ও শিক্ষার্থীদের স্বার্থে অবিলম্বে নিষেধাজ্ঞা প্রত্যাহার করে শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান জানান, এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়কে একাধিকবার জানানো হয়েছে। দ্রুত নিষেধাজ্ঞা তুলে নেয়া হবে বলে তিনি আশাবাদী।